

## প্রতিশ্রুতি

আজও যদি কুয়াশা থাকে  
যদি সূর্য দেখা না যায়  
তুমি চলে যেও  
কথা দিলাম, অনেক সূর্য সকাল  
এনে দেব একদিন।  
আজ না হয় তুমি চলে যেও  
শরৎ সন্ধ্যে আমি রেখে দেব তুলে কৌটোয়  
যদি দেখা না হয় আর  
ভেবো না  
প্রকৃতির কাছে রেখে যাব আমার  
যা কিছু ঝাঁস।  
একতারাটাই না হয় থাকুক ঘরের কোণে একা।

রনজিৎ সরকার